গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ২৬ এপ্রিল ২০১৫, ১৩ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ক্রিকেটাররা পাচ্ছেন ফ্ল্যাট-গাড়ি ৮ কোটি টাকার পুরস্কার
: গণভবনে সংবর্ধনায় প্রধানমন্ত্রীর ঘোষণা

২। স্মরণকালের ভয়াবহ ভূমিকম্পে নেপালে নিহত হাজার ছাড়িয়েছে
- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

৩। আজ প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন

৪। ক্যাপসুল খাওয়ানো হয়েছে ২ কোটি ১৫ লাখ শিশুকে : ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন

৫। ভূমিকম্পে কাঁপল সারাদেশ-নিহত ৩, আতঙ্কে আহত ও অসুস্থ চার শতাধিক

৬। ভালো আছেন বাংলাদেশিরা : নেপালে ‘হেল্পডেস্ক’ চালু
-নেপালে ওষুধ ও মেডিকেল টিম পাঠানো হচ্ছে

৭। আমলাতান্ত্রিক জটিলতায় বাড়ছে মামলাজট : প্রধান বিচারপতি

৮। প্রবাসীদের জন্য পেনশন স্কিম চালুর প্রস্তাব : এনআরবি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান

৯। সিটি কর্পোরেশনের শেষ প্রচারণা আজ
: নিরাপত্তায় ৮২ হাজার আইন-শৃঙ্খলা বাহনীর সদস্য

১০। দেশে মা ও শিশু স্বাস্থ্য খাতে উল্লেখযোগ্য অগ্রগতি

১১। রাজধানীতে যান চলাচলে ডিএমপির নিষেধাজ্ঞা

চলমান পাতা/২

১। ক্রিকেটাররা পাচ্ছেন ফ্ল্যাট-গাড়ি ৮ কোটি টাকার পুরস্কার : গণভবনে সংবর্ধনায় প্রধানমন্ত্রীর ঘোষণা

আইসিসি বিশ্বকাপ ২০১৫ আসরে বাংলাদেশ ক্রিকেট দলের বিস্ময়কর সাফল্যের পাশাপাশি পাকিস্তান ক্রিকেট দলের বিরুদ্ধে সাফল্যের জন্য বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে ২ কোটি টাকা পুরস্কার দেওয়ার ঘোষণা দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ক্রিকেট দলের সোনার ছেলেদের জন্য জাতি গৌরব বোধ করছে। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ দল 'উইনিং মানি' হিসেবে পাবে ১ কোটি টাকা, আইসিসি থেকে পাবে ৩ কোটি টাকা, বিসিবি থেকে পাবে ১.৩০ কোটি টাকা এবং সাম্প্রতিক সাফল্যের জন্য বেক্সিমকো থেকে পাবে ১ কোটি টাকা। গতকাল ২৫ এপ্রিল শনিবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে বাংলাদেশ ক্রিকেট দলের সম্মানে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.১), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.৬)।

২। স্মরণকালের ভয়াবহ ভূমিকম্পে নেপালে নিহত হাজার ছাড়িয়েছে

- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

বাংলাদেশ, ভারত ও নেপালে এক শক্তিশালী প্রলয়ঙ্করী ভূমিকম্প আঘাত হানে গতকাল ২৫ এপ্রিল শনিবার বাংলাদেশ সময় দুপুর ১২টা ১১ মিনিটে। রিখটার স্কেলে ৭ দশমিক ৯ মাত্রার এই ভয়াবহ ভূমিকম্প নেপাল ছাড়াও বাংলাদেশ, ভারত ও পাকিস্তানের বিস্তীর্ণ এলাকা কেঁপে ওঠে। শক্তিশালী এই ভূমিকম্পে সবচেয়ে বেশি ক্ষয়ক্ষতির শিকার হয়েছে নেপালের রাজধানী কাঠমান্ডু ও এর আশপাশের শহরগুলো। এ শক্তিশালী ভূমিকম্পে নেপালে বহু ভবন বিধ্বস্ত হয়েছে। গতকাল ২৫ এপ্রিল শনিবার রাত ১০টায় এই রিপোর্ট লেখা পর্যন্ত নিহতের সংখ্যা হাজার ছাড়িয়েছে বলে খবর পাওয়া গেছে। নেপাল, ভারত ও বাংলাদেশে সংঘটিত বিধ্বংসী ভূমিকম্পে জানমালের ক্ষয়ক্ষতিতে গভীর শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-সংবাদ, জনকণ্ঠ, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডেসহ অপরাপর দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। আজ প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন

ইন্দোনেশিয়া সফরের বিষয় তুলে ধরে আজ ২৬ এপ্রিল রোববার সংবাদ সম্মেলন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ২৫ এপ্রিল শনিবার প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্রে এ তথ্য জানানো হয়। প্রধানমন্ত্রীর সরকারি বাসবভবন গণভবনে বিকেল ৪টায় এই সংবাদ সম্মেলন হবে। প্রসঙ্গত, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২১-২৩ এপ্রিল ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত দ্বিতীয় আফ্রো-এশিয়ান সম্মেলনে অংশ নিতে দেশটি সফরে যান। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৮), যায়যায়দিন (পৃ.১,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৮)।

৪। ক্যাপসুল খাওয়ানো হয়েছে ২ কোটি ১৫ লাখ শিশুকে : ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন

জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনের আওতায় গতকাল ২৫ এপ্রিল শনিবার দিনব্যাপী ৬ থেকে ১১ মাস বয়সী সব শিশুকে একটি নীল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী সব শিশুকে একটি লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে। গতকাল ২৫ এপ্রিল শনিবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম ৫ বছরের কম বয়সী কয়েকটি শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর মধ্য দিয়ে এই ক্যাম্পেইনের উদ্বোধন করেন। সূত্র-যায়যায়দিন (শেষ.,ক.৩), সমকাল (পৃ.১৮,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.৪,ক.৫), ডেইলি সান (পৃ.২,ক.৫)।

৫। ভূমিকম্পে কাঁপল সারাদেশ-নিহত ৩, আতঙ্কে আহত ও অসুস্থ চার শতাধিক

ভূমিকম্পে কেঁপেছে রাজধানীসহ সারাদেশ। রিখটার স্কেলে ৭.৫ ও ৬.৩৪ মাত্রায় ২ দফায় ভূমিকম্পে ৩ জন নিহত ও ৩ শতাধিক আহত হয়েছে। এছাড়া অসুস্থ হয়েছেন শতাধিক মানুষ। এই ভূমিকম্পে দেশের বিভিন্ন এলাকায় ভবন ফাটল ধরার পাশাপাশি হেলেও পড়েছে। তবে উৎপত্তিস্থল দূরে হওয়ায় বাংলাদেশে তেমন ক্ষতি হয়নি বলে মনে করেন বিশেষজ্ঞরা। গতকাল ২৫ এপ্রিল শনিবার এই ভূমিকম্প অনুভূত হয়। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৪), ডেইলি সান (পৃ.১,ক.২)। ইত্তেফাক, প্রথম আলো, ইনকিলাব এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। ভালো আছেন বাংলাদেশিরা : নেপালে 'হেল্প ডেস্ক' চালু

-নেপালে ওষুধ ও মেডিকেল টিম পাঠানো হচ্ছে

ভূমিকম্পে নেপালে ব্যাপক প্রাণহানির প্রেক্ষাপটে দেশটিতে অবস্থানরত বাংলাদেশি কোনো নাগরিক হতাহত হওয়ার খবর পওয়া যায়নি বলে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে। ভূমিকম্পে বাংলাদেশি নাগরিকদের জন্য একটি 'হেল্প ডেস্ক' চালু করেছে নেপালে অবস্থিত বাংলাদেশ মিশন। পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, ভূমিকম্পে ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠতে দ্রুতই দেশটিতে ওষুধ, মেডিকেল টিমসহ মানবিক সহায়তা পাঠানো হচ্ছে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম গতকাল ২৫ এপ্রিল শনিবার রাতে জানান নেপালকে সহায়তা দিতে সরকার এক জরুরি বৈঠকে বসে। বৈঠকে সিদ্ধান্ত হয় নেপালকে চিকিৎসা, খাদ্য, পানি ও অন্য মানবিক সহায়তা করা হবে। সূত্র-সংবাদ (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), যায়যায়দিন (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৭)।

৭। আমলাতান্ত্রিক জটিলতায় বাড়ছে মামলাজট : প্রধান বিচারপতি

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছেন, আমলাতান্ত্রিক জটিলতার কারণে নিয়োগ প্রক্রিয়া বাধাগ্রস্ত হচ্ছে এবং কক্ষের অভাবে বিচারকরা আদালতে বসতে পারছেন না। এতে মামলার জট বাড়ছে। গতকাল ২৫ এপ্রিল শনিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে মাসিক লিগ্যাল এইড আয়োজিত সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সেমিনারে সারা দেশের নিম্ন আদালতে কর্মরত জেলা জজ ও সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তারা অংশগ্রহণ করেন। সূত্র-ইনকিলাব (পৃ.১,ক.১), সংবাদ (পৃ.১,ক.২), প্রথম আলো (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (পৃ.১,ক.৭), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.১)।

৮। প্রবাসীদের জন্য পেনশন স্কিম চালুর প্রস্তাব : এনআরবি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান

প্রবাসী বাংলাদেশিদের জন্য পেনশন স্কিম চালুর কথা বলেছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর আতিউর রহমান। এর সঙ্গে একমত পোষণ করেছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা এইচ টি ইমামও। বাংলাদেশ ব্যাংকের গভর্নর বলেছেন, প্রবাসীরা দেশে রেমিট্যান্স পাঠাচ্ছেন। তাঁদের জন্য সরকারি কর্মকর্তাদের মতো একটি পেনশন স্কিম চালু করা যেতে পারে। এ জন্য সরকারকে নিয়ন্ত্রক (রেগুলেটর) ঠিক করতে হবে। রাজধানীর সোনারগাঁও হোটেলে গতকাল ২৫ এপ্রিল শনিবার সেন্টার ফর এনআরবি (নন রেসিডেন্ট বাংলাদেশি বা অনাবাসী বাংলাদেশি) আয়োজিত এক অনুষ্ঠানে পেনশন স্কিম নিয়ে এমন কথাই বলেছেন সরকারের এই দুই দায়িত্বশীল ব্যক্তি। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.২), জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), নিউ নেশন (শেষ পৃ.,ক.২), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.১)।

৯। সিটি কর্পোরেশনের শেষ প্রচারণা আজ : নিরাপত্তায় ৮২ হাজার আইন-শৃঙ্খলা বাহনীর সদস্য

আজ ২৬ এপ্রিল রোববার মধ্যরাতে শেষ হচ্ছে নির্বাচনী প্রচার প্রচারণা। শেষ মুহূর্তের প্রচারণায় ব্যস্ত প্রার্থীরা। সুষ্ঠুভাবে ভোটগ্রহণের স্বার্থে নির্বাচন কমিশন ব্যাপক প্রস্তুতি নিয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষায় তিন সিটিতে প্রায় ৮২ হাজার নিরাপত্তা সদস্য নিয়োজিত থাকবেন। সেনাবাহিনী ছাড়া দেশের সকল বাহিনীর সদস্যই নিয়োজিত থাকবেন নিরাপত্তার দায়িত্বে। ক্যান্টনমেন্টে সেনাবাহিনীকে রাখা হয়েছে রিজার্ভ ফোর্স হিসেবে। বলা হয়েছে রিটার্নিং অফিসার ডাকলে সেনা সদস্যরা মাঠে নামবেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), যুগান্তর (পৃ.১,ক.৭), নিউ এজ (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৩)।

১০। দেশে মা ও শিশু স্বাস্থ্য খাতে উল্লেখযোগ্য অগ্রগতি

দেশে শিশু পুষ্টি, মাতৃ স্বাস্থ্য ও দক্ষ প্রসব সেবা গ্রহণসহ বেশ কিছু ক্ষেত্রে অগ্রগতি হয়েছে। তবে গত তিন বছরে প্রজনন হার ও পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের ক্ষেত্রে উল্লেখযোগ্য তেমন অগ্রগতি নেই। দেশে এখনো মহিলা প্রতি গড় সন্তান সংখ্যা (টিএফআর) ২ দশমিক ৩। বর্তমানে দেশে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ করছে ৬২ শতাংশ দম্পতি। গতকাল ২৫ এপ্রিল শনিবার বাংলাদেশ ডেমোগ্রাফিক অ্যান্ড হেলথ সার্ভে (বিডিএইচএস)-২০১৪'র প্রাথমিক ফলাফলে এসব তথ্য উঠে এসেছে। জরিপের প্রাথমিক ফলাফল প্রকাশ উপলক্ষে দুপুরে রেডিসন ব্লু ওয়াটার গার্ডেন হোটেলে এক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (পৃ.৩,ক.১)।

১১। রাজধানীতে যান চলাচলে ডিএমপির নিষেধাজ্ঞা

আসন্ন ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচনকে কেন্দ্র করে রাজধানীতে যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা জারি করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। গতকাল ২৫ এপ্রিল শনিবার রাত ১২টা থেকে আগামী ২৯ এপ্রিল বুধবার সকাল ৬টা পর্যন্ত মোটরসাইকেল চলাচলের ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। এ ছাড়া ২৭ এপ্রিল সোমবার রাত ১২টা থেকে ২৮ এপ্রিল মঙ্গলবার রাত ১২টা পর্যন্ত বেবিট্যাক্সি, অটোরিকশা, ইজিবাইক, ট্যাক্সিক্যাব, মাইক্রোবাস, জিপ, পিকআপ, প্রাইভেটকার, বাস, ট্রাক, টেম্পোসহ এ ধরনের যানবাহন চলাচলেও নিষেধাজ্ঞা থাকবে। রাজধানীর মিন্টো রোডে ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া সেন্টারে গতকাল ২৫ এপ্রিল শনিবার দুপুরে এক সংবাদ সম্মেলনে এসব কথা জানান ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া। সূত্র-ভোরের কাগজ (পৃ.১, ক.৮), যুগান্তর (শেষ পৃ.,ক.১), সংবাদ (পৃ.১,ক.৬), নিউ নেশন (পৃ.১,ক.২), নিউ এজ (পৃ.১,ক.৮)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : আগামী অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি বাড়াতে বিভিন্ন ব্যাংকের চুরি ও লুটের জন্য দায়ীদের শাস্তি নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ;

খ. ইত্তেফাক : সরকার পূর্ণাঙ্গ বার্ন ইনস্টিটিউট প্রতিষ্ঠার যে উদ্যোগ নিয়েছে তাকে সাধুবাদ জানিয়ে এর সফল বাস্তবায়ন প্রত্যাশা;

গ. জনকণ্ঠ : সরকারি হাসপাতালগুলোতে নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) স্থাপনের সাথে সাথে বেসরকারি হাসপাতালগুলিতে আইসিইউ বেডের দৈনন্দিন খরচ কমিয়ে আনতে যথাযথ ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে সুপারিশ;

ঘ. সংবাদ : বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন ২০১৩ পাস হওয়ার পর বিধিমালা জারি না হওয়ায় বিভিন্ন

শ্রমিক সংগঠনের আন্দোলনের আশংকায় সরকারকে অবিলম্বে বিধিমালা জারি করার সুপারিশ;

ঙ. সমকাল, ইনকিলাব, ডেইলি স্টার : অনুষ্ঠিতব্য সিটি কর্পোরেশন নির্বাচনে নির্বিঘ্নে ভোটাররা যাতে ভোট কেন্দ্রে যেতে পারে এবং ফলাফলে তাদের মতামতের যথাযথ প্রতিপালন ঘটে তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ;

চ. ডেইলি স্টার : একের পর এক সড়ক দুর্ঘটনায় বিভিন্ন জায়গায় মৃত্যুর ঘটনায় উদ্বেগ প্রকাশ করে সড়ক দুর্ঘটনা রোধে কার্যকর ব্যবস্থা নেওয়ার দাবি;

ছ. ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন, বাংলাদেশ টুডে : রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে ভূমিকম্প অনুভূত হওয়ার কথা উল্লেখ করে ভূমিকম্পের ফলে ক্ষয়ক্ষতি এড়াতে এর প্রতিরোধী ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ;

জ. ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউ নেশন : কৃষক উৎপাদিত ধানের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিত করতে ভারত থেকে চাল আমদানি বন্ধ করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে দেশীয় মেধাসম্পদকে যথাযথ মূল্য দিলে দেশকে মেধাসম্পদে সমৃদ্ধ করা সম্ভব বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত ‘কাঙ্ক্ষিত প্রবৃদ্ধি অর্জনে দেশে বিনিয়োগ বাড়ানো জরুরি’ শিরোনামের নিবন্ধে আতিকুর রহমান মধ্য আয়ের দেশ হিসেবে বাংলাদেশকে প্রতিষ্ঠিত করতে দলমত নির্বিশেষে রাজনৈতিক ভেদাভেদ ভুলে অর্থনৈতিক স্থিতিশীলতা তৈরির জন্য সবাইকে কাজ করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা